আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে **কর্মসংস্থান** কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

# জর্জ গ্রুপের অভিনব স্কিল ফেয়ার



তারক নাথ দাস, কলকাতা : দক্ষতা-ভিত্তিক শিক্ষায় শতবর্ষের ঐতিহ্য বহনকারী প্রতিষ্ঠান দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট এর শিয়ালদহে মূল ক্যাম্পাসে আয়োজিত হয়েছিল ১০৬তম প্রতিষ্ঠা দিবস উদযাপন ও 'স্কিল ফেয়ার ২০২৬'। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের বিধায়ক তাপস রায় ও সজল ঘোষ। সঙ্গীত পরিবেশন করেন বিশিষ্ট শিল্পী পৌষালী ব্যানার্জি। ১৫ ও ১৬ মে ২ দিন ব্যাপী এই কারিগরী মেলায় বিভিন্ন স্কুল ও কলেজের প্রায় ১০০০ এর কাছাকাছি ছেলেমেয়ে এসেছিল। এই স্কিল ফেয়ারের অন্যতম বৈশিষ্ট্য হল প্রতিটি প্রকল্পই ছেলেমেয়েরা মাত্র ১ সপ্তাহের মধ্যে তৈরি করেছে। সব প্রকল্প এসেছে মূলত ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার, অটোমোবাইল, এসি ও স্মার্টফোন রিপেয়ারিং, প্যারামেডিক্যাল, বিউটিশিয়ান, অ্যাকাউন্টস ও অ্যানিমেট্রিক্স বিভাগের ছেলেমেয়েদের কাছ থেকে। আগামী জুন মাসে এই ক্যাম্পাসেই হবে প্লেসমেন্ট ফেয়ার। যেখানে দেশের বিভিন্ন নামীদামী সংস্থা ছেলেমেয়েদের ইন্টারভিউয়ের মাধ্যমে সরাসরি নিয়োগ করবে। প্রতিষ্ঠানের ট্রাস্টি ও ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত বললেন, "ছেলেমেয়েরা এত অল্প সময়ে যে মানের কাজ উপস্থাপন করেছে, তা সত্যিই অভাবনীয়। ওদের উদ্ভাবনী শক্তি, দক্ষতা ও আত্মবিশ্বাস আমাদের গর্বিত করেছে।" সংস্থার ট্রাস্টি ডিরেক্টর অনিন্দ্য দত্ত জানালেন, "এইসব প্রকল্প শুধুমাত্র অ্যাসাইনমেন্ট নয় — এগুলি ভবিষ্যতের উদ্যোগের বীজ। বাস্তব জীবনের সমস্যার বাস্তব সমাধান ১ সপ্তাহের মধ্যে খুঁজে বের করা— সত্যিই প্রশংসনীয়। নিয়োগকারীদের আগ্রহই প্রমাণ করে, ওদের ভবিষ্যৎ কতটা উজ্জ্বল।


## সরকারি চাকরির, দরকারি কোচিং

সময়ের দাবি মেনে, নতুন সরকারের হাত ধরে আবার রাজ্যে ঘুরতে শুরু করল নিয়োগের চাকা। রাজ্যের লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতীগণ অন্ধকারাচ্ছন্ন একটি দশক মুছে ফেলে কর্মসংস্থানের তাগিদে আবার নতুন উদ্যমে যাত্রা শুরু করেছেন। আমরাও এই যাত্রাপথের শরিক হিসাবে নিজেদেরকে অঙ্গীভূত করেছি। আসন্ন এবং আশু আসন্ন কয়েক লক্ষ শূন্যপদের নিয়োগে নিশ্চিত সফল হতে ক্যাসেস এডুকেশন, কলকাতা আয়োজন করেছে এক বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর : CACES SUCCESS State Service (CSSS)। ভর্তি চলছে। সবিস্তার জানতে —

9123325910, 9062756906, 9831897256

বিঃদ্রঃ-পঞ্চায়েত ও টেট এর জন্য বিশেষ প্রশিক্ষণ পর্বে ভর্তি চলছে।





সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পঞ্চায়েতের

■ *পঞ্চায়েত দফতরে বিভিন্ন পদে যে নিয়োগ হবে, তার পরীক্ষা সূচী, শূন্যপদ ইত্যাদি জানাবেন। — বিপুল বাওয়াড়ী, শিলবাড়িহাট, আলিপুরদুয়ার। চিরঞ্জিৎ সাঁতরা, ভান্ডারহাটী, হুগলি।*

■■ পঞ্চায়েত দফতরে নিয়োগের জন্য এখন কোনো গেজেট বিজ্ঞপ্তি বেরোয়নি। পরীক্ষার সিলেবাস-সহ বিস্তারিত তথ্য মন্ত্রিসভার বৈঠকে পাস হলে জানানো হবে। তবে খুব শিগগিরই পঞ্চায়েত বিভাগে প্রায় সাড়ে ৬ হাজার শূন্যপদে নিয়োগ করা হবে। পঞ্চায়েতমন্ত্রী দিলীপ ঘোষ জানান, আগের সরকার পঞ্চায়েত বিভাগে নিয়োগের জন্য নাম রেজিস্ট্রেশন শুরু করেছিল, কিন্তু মূল বিজ্ঞপ্তি বেরোয়নি। খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার তা এই সংখ্যায় প্রথম পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে অগ্রগামী পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — আবুল বর্মন, পুরাতন বনগাঁ, উত্তর ২৪ পরগনা। অমল বর্মন, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

■■ পুলিশে অগ্রগামী-সহ কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ইত্যাদি পদে কয়েক হাজার শূন্যপদে লোক নিয়োগ করা হবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — বিপ্লব মাইতি, খড়গপুর, পূর্ব মেদিনীপুর। পরিমল গুপ্তা, বড়জাগুলিয়া, নদিয়া।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ (নতুন বয়স অনুযায়ী) বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, রূপান্তরকামীরা ৩ বছর, সিভিক ভলান্টিয়ার /ভিলেজ পুলিশ ভলান্টিয়াররা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. বা, হোম গার্ডরাও নিয়মানুযায়ী ছাড় পাবেন। ছেলেদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৯ কেজি। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা (PMT), শারীরিক সক্ষমতার পরীক্ষা (PET) ও ইন্টারভিউ। ৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি-১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের)-২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস-২৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। শারীরিক সক্ষমতার পরীক্ষায় : ছেলেদের বেলায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে, রূপান্তরকামীদের বেলায় ৩ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে।

**ইন্টারভিউ :** ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। মেধা তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি.'র ইংলিশ টাইপিস্ট পদের পরীক্ষা দিয়েছি ২০১১ সালে। ফল কবে বেরোবে? এই পরীক্ষা কি বাতিল হয়েছে? ফল কি আদৌ বেরোবে? — উত্তম বৈদ্য, বিহারী, ধামুয়া, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষার ফল আদৌ বেরোবে কিনা তা নিয়ে সংশয় আছে। তবে পি.এসসি. কর্তৃপক্ষ পরীক্ষা বাতিল বলে ঘোষণা করেনি।

■ *পশ্চিমবঙ্গ অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার জন্য বয়স ৩৬ বছর থেকে বেড়ে ৪১ বছর করা হবে? — রণবীর দাস, রিষড়া, হুগলি।*

■■ হ্যাঁ, হবে।

■ *২০২৩ সালের ক্লার্কশিপ মেনস পরীক্ষা দিয়েছি। ফল কি প্রকাশিত হয়েছে? কবে থেকে টাইপিং টেস্ট হবে? এই পদে কি ইন্টারভিউ আছে? — আশিক কবীর সেখ, সীতাচন্দ্রপুর, কালীগঞ্জ, দেবগ্রাম, নদিয়া। সোনা মাঝি, হুগলি।*

■■ ফল এখনো বেরোয়নি। তবে শিগগিরই বেরোতে পারে। ফল বেরোনোর ৩ মাসের মধ্যেই টাইপিং টেস্ট হবে। এই পদে কোনো ইন্টারভিউ নেই।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — সুপ্রিয় দাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৪ জুন, রবিবার বেলা ১২টা থেকে আড়াটা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৪ জুন থেকে।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার যে বিজ্ঞপ্তি বেরিয়েছিল, তাতে সর্বাধিক বয়স ছিল ৩৯ বছর। নতুন নির্দেশিকা অনুযায়ী সরকারি চাকরির বয়স ৫ বছর বাড়ল। তাহলে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বয়স বেড়ে ৪৪ বছর হচ্ছে কি? দরখাস্ত করার শেষ তারিখ কি বাড়ানো হয়েছে? — সুচরিতা বসু, নিউ জলপাইগুড়ি।*

■■ হ্যাঁ, রাজ্যের সব চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বেড়েছে। নতুন এই নিয়ম ১১ মে থেকে চালু হয়েছে। তাই মিসলেনিয়াস পরীক্ষার ক্ষেত্রে বয়স বেড়ে ৪৪ বছর হবে। দরখাস্ত করার শেষ তারিখও বাড়ানো হবে।

## প্রাইমারির

■ *২০১৪ সালে 'টেট' পাশ করেছি। ইন্টারভিউও দিয়েছিলাম কিন্তু চাকরি পাইনি। তখন ডি.এল.এড. পাশ ছিলাম না। এখন নতুন করে ডি.এল.এড. কোর্স পাশ করলে আগের 'টেট' পাশের সার্টিফিকেট বৈধ হবে কি? — সুনীল বরণ মাইতি, পশ্চিম মাশুরিয়া, টোটনতলা, পূর্ব মেদিনীপুর।*

■■ 'টেট' পাশের সার্টিফিকেটের বৈধতা আজীবন থাকবে। তাহলে আগের 'টেট' পাশের সার্টিফিকেট কেন বৈধ হবে না? কত সালের পর থেকে 'টেট' পাশের সার্টিফিকেট আজীবন থাকবে তা উল্লেখ নেই। যাইহোক, ডি.এল.এড. পাশ করে রাখুন। পরবর্তী 'টেট'এ বসুন। নতুন নিয়োগ প্রক্রিয়ায় আগের 'টেট' সার্টিফিকেট বৈধ হবে কিনা তা বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

## স্কলারশিপ

■ *'অন্নপূর্ণা ভাণ্ডার'এর জন্য কত বছর বয়স পর্যন্ত আবেদন করা যায়? — প্রীতিলতা ঘোষ, সিঙ্গুর বেড়াবেড়ি, হুগলি।*

■■ 'অন্নপূর্ণা ভাণ্ডার'এর জন্য বয়স হতে হবে ২৫ থেকে ৫৯ বছরের মধ্যে।

■ *মে মাস থেকে 'যুবশক্তি' (যুবসাথী) টাকা পাওয়া যাবে কি? — সমীরকুমার ঘোষ, বেড়াবেড়ি, হুগলি। কুন্তল ঘোষ, সিঙ্গুর, হুগলি।*

■■ ১ জুন থেকে 'যুবশক্তি' (যুবসাথী) টাকা পেতে পারেন। সম্ভবত মাসে ৩ হাজার টাকা করে পাবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের ফল কবে বেরোবে? এই পদের ইন্টারভিউ কবে হবে? শোনা যাচ্ছে, এবার থেকে নাকি গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে কোনো ইন্টারভিউ হবে না। কথাটি কতটা সত্য? — পিযুস মাইতি, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। দীপক চক্রবর্তী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল জুলাইয়ে বেরোনোর সম্ভাবনা আছে। তবে এই পদে ইন্টারভিউ এবার হবে কিনা তা এখনো ঠিক হয়নি। কেন্দ্রীয় সরকারের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে চাকরির জন্য কোনো ইন্টারভিউ নেই। বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারের নিয়মেই নিয়োগ প্রক্রিয়া চালু করতে চাইছে। তাই এই পদে ইন্টারভিউ হবে কিনা তা এখনো ঠিক হয়নি।

■ *৫ বছরের এলএল.বি. (আইন) ডিগ্রি পাশ করলে আপার প্রাইমারির পরীক্ষা দেওয়া যাবে কি? — অমৃতা লস্কর, বর্ধমান।*

■■ হ্যাঁ, গ্র্যাজুয়েট যোগ্যতা হিসাবে ধরা হবে। তবে বি.এড. বা, ডি.এল.এড. কোর্স পাশ না হলে প্রাইমারি 'টেট' দিতে পারবেন না।

■ *প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে কি? — পিয়ালী দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। নূপুর ঘোষ, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা। সুনীল দাস পূর্ব বর্ধমান। বাপ্পা শেখ, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ নতুন সরকার ঘোষণা করেছে, এবার থেকে 'টেট' প্রতি বছরই হবে। তাই আশা করা যায়, এবার প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে।

■ *দর্শন অনার্সে ৬১%, পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ৬৬% ও বি.এড. আছে। পাস কোর্সে রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান আছে। আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — রাজিউল আলম, জলপাইগুড়ি।*

■■ হ্যাঁ, পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| সেনাবাহিনীতে অপারেটর | মাধ্যমিক পাশ | ১৯০ | ৩১-৫-২৬ | https://indianarmy.nic.in |
| ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| ITBP-তে ট্রেডসম্যান দরখাস্ত নেওয়া শুরু | ITI বি.এড | ১০ | ২১-৫-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| নৌবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ১৫ | ১১-৬-২৬ | www.joinindiannavy.gov.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৮৯ | - | www.bro.gov.in |
| দক্ষিণ-পূর্ব মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,৬৬৪ | ৪-৬-২৬ | https://apprenticeshipindia.gov.in |
| মহানদী কোলফিল্ডে ফোরম্যান | আই.টি.আই, ডিপ্লোমা | ৫৫০ | ২৮-৫-২৬ | https://mahanadicoal.in |
| কোল ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ২৭৬ | ৭-৬-২৬ | www.coalindia.in |
| কোল ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৬৪০ | ১১-৬-২৬ | www.coalindia.in |
| সেনাবাহিনীতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৯০ | ১৩-৫-২৬ ১২-৬-২৬ | www.joinindianarmy.nic.in |
| রেলে সাইট ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৪০ | ২২-৫-২৬ | www.rlda.indianrailways.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ৬০ | ২০-৫-২৬ | www.rbi.org.in |
| কেন্দ্রীয় বিদ্যালয়ে চাকরির জন্য 'সি-টেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু | উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ১,৮৬৫ | ১০-৬-২৬ | www.ctet.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| WBCS-2024-র Preli পরীক্ষা | ১৪ জুন, ২০২৬ | www.pscwb.org.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ৩০ মে পর্যন্ত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| রেলের NTPC (UG) CBT-1 পরীক্ষা | ২১ জুন পর্যন্ত | www.rrbapply.gov.in |

# রেলে ১১,১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

৩ পাতার পর

অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য।

পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই যাঁরা এবছর ফাইনাল পরীক্ষা দিয়েছেন, কিন্তু ফল বেরোয়নি, তাঁরা আবেদন করতে পারবেন না।

দৃষ্টিশক্তি দরকার A-1. অর্থাৎ, দূরের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ৬/৬, ৬/৬, কাছের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ০.৬, ০.৬।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে সাধারণ আর ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। ও.বি.সি. প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। তপশিলী প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯১ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মী আর অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : CEN No. : 01/2026

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।।) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট : পার্ট-এ ও পার্ট-বি।

পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে : (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং।

পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর।

প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। দু'টি পার্টেই নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। পার্ট-এ-তে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। পার্ট-বি-তে ৩৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

পার্ট-এ-তে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্টের জন্য ডাকা হবে। অ্যাপ্টিটিউড টেস্টের প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। কোনো নেগেটিভ মার্কিং নেই। সি.বি.এ.টি.-তে প্রতিটি ব্যাটারি টেস্টে ৪২ নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টের পার্ট-এ-তে পাওয়া নম্বরের ওপর ৭০% আর সি.বি.এ.টি. টেস্টের ওপর ৩০% ওয়েটেজ দেখা হবে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ জুনের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন।

প্রথমে সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে গিয়ে 'Create an Account' করতে হবে। এজন্য বৈধ মোবাইল নম্বর ও ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যাঁদের আগে 'Create an Account' করা আছে, তাঁরা আগের ইউজার আই.ডি. দিয়ে লগ-ইন করতে পারবেন। একবার 'Create an Account' হয়ে গেলে পরে বদলানোর কোনো সুযোগ নেই।

এরপর ধাপে ধাপে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তারপর 'লাইভ ফটো ক্যাপচারিং' সেশন শুরু হবে। কোনো ফটো আপলোড করার দরকার নেই। দরখাস্তের ফর্ম পূরণের সময় 'লাইভ ফটো' ক্যাপচারিং করতে হবে। এজন্য ওয়েব ক্যাম বা, ফ্রন্ট ক্যামেরা থাকতে হবে মোবাইলে বা, ডেস্কটপে। লাইভ ফটো তোলার সময় ব্যাকগ্রাউন্ড পরিষ্কার হওয়ার জন্য ডার্ক (গাঢ়) রংয়ের পোশাক পরবেন।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ১৬ জুনের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.-।' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.-।' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে ; www.rrbald.gov.in

ফর্ম পূরণ করতে ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১৭ জুন থেকে ২৬ জুনের মধ্যে।

**কোন রেলে ক'টি শূন্যপদ :**

কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব রেলে ৩৪৪টি (জেনাঃ ১৩৫, তঃজাঃ ৫৩, তঃউঃজাঃ ৩৫, ও.বি.সি. ৮৯, ই.ডব্লু.এস. ৩২)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩৪টি। দক্ষিণ-পূর্ব রেলে ৪৯৭টি (জেনাঃ ২৮০, তঃজাঃ ১০১, তঃউঃজাঃ ৫২, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ২৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৫০টি।

মালদহ রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব রেলে ২৭০টি (জেনাঃ ১০৯, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৭৩, ই.ডব্লু.এস. ২৭)। এর মধ্যে প্রাঃসংকঃ ২৭টি। দক্ষিণ-পূর্ব রেলে ২৮৯টি (জেনাঃ ১১৭, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৭৮, ই.ডব্লু.এস. ২৯)। এর মধ্যে প্রাঃসংকঃ ২৯টি।

শিলিগুড়ি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর সীমান্ত রেলে ৬০০টি (জেনাঃ ২৪৩, তঃজাঃ ৯০, তঃউঃজাঃ ৪৬, ও.বি.সি. ১৬১, ই.ডব্লু.এস. ৬০)। এর মধ্যে প্রাঃসংকঃ ৬০টি।

আহমেদাবাদ রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পশ্চিম রেলে ১৪৭টি (জেনাঃ ৬২, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৩৮, ই.ডব্লু.এস. ১৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ১৫টি।

আজমীর রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর-পশ্চিম রেলে ৬০০টি (জেনাঃ ২৬২, তঃজাঃ ৯৭, তঃউঃজাঃ ৫৯, ও.বি.সি. ১৪২, ই.ডব্লু.এস. ৪০)। এর মধ্যে প্রাঃসংকঃ ৬০টি। পশ্চিম মধ্য রেলে ১১৮টি (জেনাঃ ৫৬, তঃজাঃ ১৮, ও.বি.সি. ৩২, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসংকঃ ১২টি।

প্রয়াগরাজ রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর রেলে ১৫৩টি (জেনাঃ ৬২, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৪২, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে প্রাঃসংকঃ ১৫টি। উত্তর-মধ্য রেলে ৪৫৭টি (জেনাঃ ২৮৪, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ৬৫, ই.ডব্লু.এস. ৪৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪৬টি।

ভোপাল রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পশ্চিম রেলে ৩০টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৮, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩টি। পশ্চিম মধ্য রেলে ৪২৩টি (জেনাঃ ১৯৪, তঃজাঃ ৭৪, তঃউঃজাঃ ২৩, ও.বি.সি. ১১৭, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪২টি।

ভুবনেশ্বর রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব উপকূল রেলে ৮০১টি (জেনাঃ ৫৪৮, তঃজাঃ ৭০, তঃউঃজাঃ ৩৬, ও.বি.সি. ৪৮, ই.ডব্লু.এস. ৯৯)। এর মধ্যে প্রাঃসংকঃ ৮০টি।

বিলাসপুর রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ-পূর্ব মধ্য রেলে ২০০টি (জেনাঃ ৮৪, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৫৩, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রাঃসংকঃ ২০টি। মধ্য রেলে ৩২২টি (জেনাঃ ১৮৭, তঃজাঃ ৭৭, তঃউঃজাঃ ৫২, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩২টি।

চণ্ডীগড় রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর রেলে ১৮৭টি (জেনাঃ ৫৬, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ২৩, ও.বি.সি. ৪৯, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রাঃসংকঃ ১৯টি।

চেন্নাই রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ রেলে ১৮৬টি (জেনাঃ ৯৩, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৪১, ই.ডব্লু.এস. ১৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ১৯টি।

গোরক্ষপুর রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর-পূর্ব রেলে ১০৫টি (জেনাঃ ২৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৩৭, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস.১২)। এর মধ্যে প্রাঃসংকঃ ১০টি।

গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর-সীমান্ত রেলে ৬৭৬টি (জেনাঃ ২৭২, তঃজাঃ ১০৯, তঃউঃজাঃ ৬৩, ও.বি.সি. ১৬৪, ই.ডব্লু.এস. ৬৮)। এর মধ্যে প্রাঃসংকঃ ৬৮টি।

জম্মু রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় উত্তর রেলে ৪০০টি (জেনাঃ ১৫৮, তঃজাঃ ৫৮, তঃউঃজাঃ ৩০, ও.বি.সি. ১১০, ইডব্লু.এস. ৪৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪০টি।

মুম্বই রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ-মধ্য রেলে ৭৮টি (জেনাঃ ৩২, তঃজাঃ ৭; তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২৬, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রাঃসংকঃ ৮টি। পশ্চিম রেলে ৩৭টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪টি। মধ্য রেলে ১,০৭৮টি (জেনাঃ ২৯০, তঃজাঃ ২০৭, তঃউঃজাঃ ৯৯, ও.বি.সি. ৩৪৪, ই.ডব্লু.এস. ১৩৮)। এর মধ্যে প্রাঃসংকঃ ১০৮টি।

মুজঃফফরপুর রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব মধ্য রেলে ৪২টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪টি।

পটনা রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব মধ্য রেলে ১০৩টি (জেনাঃ ৪১, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২৮, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রাঃসংকঃ ১০টি।

রাঁচি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ পূর্ব রেলে ৭৪৫টি (জেনাঃ ২৪৮, তঃজাঃ ১৫০, তঃউঃজাঃ ৬৩, ও.বি.সি. ২১৩, ই.ডব্লু.এস. ৭১)। এর মধ্যে প্রাঃসংকঃ ৭৪টি। পূর্ব-মধ্য রেলে ৫৫৫টি (জেনাঃ ২২৪, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৪২, ও.বি.সি. ১৫০, ই.ডব্লু.এস. ৫৬)। এর মধ্যে প্রাঃসংকঃ ৫৬টি।

সেকেন্দরাবাদ রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় পূর্ব-উপকূল রেলে ৮২৪টি (জেনাঃ ৩৮৭, তঃজাঃ ১১৯, তঃউঃজাঃ ৫৭, ও.বি.সি. ২২৮, ই.ডব্লু.এস. ৩৩)। এর মধ্যে প্রাঃসংকঃ ৮২টি। দক্ষিণ-মধ্য রেলে ৫৯৬টি (জেনাঃ ২৩৮, তঃজাঃ ৯০, তঃউঃজাঃ ৪৫, ও.বি.সি. ১৬২, ই.ডব্লু.এস. ৬১)। এর মধ্যে প্রাঃসংকঃ ৬১টি।

ত্রিবান্দ্রম রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ রেলে ৬৪টি (জেনাঃ ৪৩, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসংকঃ ৭টি।

বেঙ্গালউরু রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় দক্ষিণ-পশ্চিম রেলে ২০০টি (জেনাঃ ৮০, তঃজাঃ ৩১, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৪, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রাঃসংকঃ ২০টি।

# কেন্দ্রীয় সংস্থায় ১৬ ট্রেনি

৩ পাতার পর

**ম্যানেজমেন্ট ট্রেনি (মার্কেটিং) :** মার্কেটিং, অ্যাগ্রি বিজনেস মার্কেটিং, অ্যাগ্রিকালচার অ্যান্ড ফুড বিজনেস, ফুড অ্যান্ড অ্যাগ্রি বিজনেস, ইন্টারন্যাশনাল বিজনেস, অ্যাগ্রি বিজনেস, অ্যাগ্রিকালচার বিজনেস ম্যানেজমেন্ট, রুরাল ম্যানেজমেন্ট, ফরেন ট্রেড, ইন্টারন্যাশনাল মার্কেটিং-এর এম.বি.এ./পি.জি.ডি.বি.এম. /পি.জি.ডি.এম. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচারের বি.এসসি. কোর্স পাশরা এম.এসসি. (অ্যাগ্রিকালচার) কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 61000124.

**ম্যানেজমেন্ট ট্রেনি (এফ অ্যান্ড এ) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি, কস্ট অ্যাকাউন্ট্যান্সি বা, সি.এম.এ. কোর্স পাশ হলে যোগ্য।

ফিনান্স বা, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালাইজেশন হিসাবে এম.বি.এ. / পি.জি.ডি.এম. / পি.জি.ডি.বি.এম. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ :৩টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

সব পদের বেলায়ই বয়স হতে হবে ৩০-৪-২০২৬'র হিসাবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01 (NFL) / 2026, date: 13.05.2026.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, রাঁচি, পটনা, ভুবনেশ্বর, গুয়াহাটি, রায়পুরে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nationalfertilizers.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর অন্যান্য প্রমাণপত্র জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ৭০০ টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। ফর্ম এডিট করতে পারবেন ১৪ ও ১৫ জুন।

# প্রতি বছরই WBCS পরীক্ষা

৩ পাতার পর

ঘোষণা করা হয়। কয়েক লাখ ছেলেমেয়ে ১৪ জুনের ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় বসবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৪ জুন থেকে।

অন্যদিকে, ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি খুব শিগগিরই বেরোচ্ছে। পি.এস.সি'র এক মুখপাত্র জানান, ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষা ১৪ জুন হয়ে যাওয়ার পরই, ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে। পরীক্ষা এবছরই নেওয়া হবে। অন্যদিকে, ২০২৬ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তিও এবছরের শেষের দিকে বেরোনোর সম্ভাবনা আছে। রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে, প্রতি বছরই যাতে ডব্লু.বি.সি.এস.-সহ অন্যান্য পরীক্ষা নেওয়া হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

# ৬০ ডেপুটি ম্যানেজার

১ পাতার পর

পারেন। ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১৫-৬-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৬০টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে এর মেয়াদ আরো বাড়তে পারে। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nhidcl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র আর 'গেট'এর স্কোর কার্ড স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

